

বন্ধ থাকা ২০২ মাদ্রাসার এমপিও বাতিল

স্টাফ রিপোর্টার || দাখিল পরীক্ষায় পর পর দুই বছর কোন পরীক্ষার্থী অংশ না নেয়ায় একাডেমিক স্বীকৃতি বাতিল হওয়া ২০২টি মাদ্রাসার এমপিও বন্ধের নির্দেশ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ বুধবার মাদ্রাসা শিক্ষা অধিদফতরের মহাপরিচালককে এক চিঠিতে এ নির্দেশনা দিয়েছে। এতে বলা হয়, ২০১৭ ও ২০১৮ সালের দাখিল পরীক্ষায় কোন পরীক্ষার্থী অংশগ্রহণ না করায় মাদ্রাসা শিক্ষা বোর্ড ২০২টি মাদ্রাসার পাঠদানের অনুমতি স্থগিত ও একাডেমিক স্বীকৃতি বাতিলসহ অনলাইন পাসওয়ার্ড, মাদ্রাসার কোড নম্বর এবং ইআইআইএন নম্বর বন্ধ করেছে।

এসব মাদ্রাসার মধ্যে এমপিওভুক্ত মাদ্রাসাগুলোর এমপিও সাময়িকভাবে বন্ধ করে কেন তা স্থায়ীভাবে বন্ধ করা হবে না- তা জানতে চেয়ে মাদ্রাসাগুলোকে কারণ দর্শনের আদেশ দিয়ে মতামতসহ তা কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগকে অবহিত করতে বলা হয়েছে। শিক্ষা মন্ত্রণালয় জানায়, পর পর দুই বছর দাখিল পরীক্ষায় কোন পরীক্ষার্থী অংশগ্রহণ না করায় ২০২টি মাদ্রাসার প্রধানকে কারণ দর্শাতে বলে মাদ্রাসা শিক্ষা বোর্ড। বেশিরভাগ মাদ্রাসা শোকজের জবাব দেয়নি। জবাব দেয়া মাদ্রাসাগুলোর বক্তব্য সন্তোষজনক না হওয়ায় গত ২৮ মে এসব মাদ্রাসার পাঠদানের অনুমতি স্থগিত ও একাডেমিক স্বীকৃতি বাতিলসহ অনলাইন পাসওয়ার্ড, মাদ্রাসার কোড নম্বর এবং ইআইআইএন নম্বর বন্ধ করে দেয় মাদ্রাসা শিক্ষা বোর্ড।

সাবধানবাণী: বাণিজ্যিক উদ্দেশ্যে এই সাইটের কোন উপাদান ব্যবহার করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ এবং কপিরাইট আইনে দণ্ডনীয় অপরাধ।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়।
সম্পাদক কর্তৃক গ্লোব জনকন্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকন্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডি.এ ৭৯৬।

কার্যালয়: জনকন্ঠ ভবন,
২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইক্সাটন,
জিপিও বার্স: ৩৩৮০, ঢাকা।

ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহান্টিং ২০ টি লাইন),
ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫
ই-মেইল: janakanthanews@gmail.com
ই-জনকন্ঠ: www.edailyjanakantha.com

Copyright © All rights reserved by dailyjanakantha.com